

## ■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯.৪.৫. ঈশ্বর ধার্মিকদেরকে যুদ্ধে প্রশিক্ষিত ও অভ্যস্ত করেন

দেশ দখল, হত্যা ও অন্যান্য ধর্ম নির্মূল করা বাইবেলীয় যুদ্ধের উদ্দেশ্য। তবে ধার্মিকদের জন্য স্থায়ী শান্তি ঈশ্বরের অভিপ্রায় নয়। বরং যুদ্ধ চলমান রাখা এবং ধার্মিক মানুষদেরকে যুদ্ধে অভ্যস্ত করাও ঈশ্বরের উদ্দেশ্য: "যে সব ইসরাইলীয়দের কেনান দেশের কোন যুদ্ধের অভিজ্ঞতা ছিল না তাদের পরীক্ষায় ফেলে শিক্ষা দেবার জন্য মাবুদ কতগুলো জাতিকে দেশের মধ্যেই রেখে দিয়েছিলেন। বনি-ইসরাইলদের বংশধরের যারা আগে কোন দিন যুদ্ধ করে নি তাদের যুদ্ধের ব্যাপারে শিক্ষিত করে তুলবার জন্য তিনি তা করেছিলেন।" (কাজীগণ ৩/১-২, কি. মো.-০৬)

বাইবেল অন্যত্র বলছে, ঈশ্বর নিজেই ধার্মিকদেরকে যুদ্ধ শিক্ষা দেন: "মাবুদের প্রশংসা হোক, তিনি আমার আশ্রয়-পাহাড়; তিনি আমার হাতকে যুদ্ধ করতে শিখিয়েছেন, আমার আংগুলগুলোকে শিখিয়েছেন লড়াই করতে।" (জবুর ১৪৪/১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14550

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন